উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স বীরগঞ্জ,দিনাজপুর-এর ''স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক কমিটি''-এর সভার কার্যবিবরনী।

সভাপতি ঃ- জনাবা মোছাঃ আয়েশা আক্তার বৃষ্টি
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বীরগঞ্জ, দিনাজপুর।

স্থান ঃ- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কনফারেন্স রুম।

তারিখ ঃ- ১০/০৮/২০২১ ইং।

সময় ঃ- বেলা ১১.০০ ঘটিকা।

**সভায় উপস্থিত সদস্যগনের তালিকা পরিশিষ্ট ''ক'' তে দেখানো হলো।**

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যগনকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা উপস্থিত সকল সদস্যগনকে শুভেচ্ছা জানিয়ে বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির বিষয়ে আলোচনা করেন। তিনি বলেন যে কোভিড-১৯ এর কারনে মাঝখানে রোগী কিছুটা কমে গিয়েছিল তবে বর্তমানে রোগী বেড়ে গেছে। সেবার মান বৃদ্ধির জন্য চেষ্টা চালিয়ে যাওয়া হচ্ছে। কমিউনিটি ক্লিনিকগুলোতে ৩১ প্রকার ঔষধ সরবরাহ আছে এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ঔষধ সরবরাহ সন্তোষ জনক। সার্বক্ষনিক হাসপাতাল পরিস্কার পরিছন্নতা রাখা হচ্ছে। সদস্য সচিব বলেন যে, কিছুদিন আগে নরমাল ডেলিবারীর সংখ্যা কিছুটা হ্রাস পেলেও বর্তমানে হাসপাতালে নরমাল ডেলিভারীর সংখ্যা বৃদ্ধি পেয়েছে। মিডওয়াইফগন সার্বক্ষনিক হাসপাতালে অবস্থান করে। তিনি আরও বলেন কোভিড-১৯ এর উপর প্রশিক্ষন প্রদানের জন্য উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) আওতায় সক্ষমতা বৃদ্ধি মুলক প্রশিক্ষন আয়োজনের জন্য উপ-প্রকল্প প্রস্তাব প্রেরন করা যেতে পারে। সভায় উল্লেখিত বিষয় সমুহের উপর বিশদ আলোচনা হয়। আলোচনান্তে সর্ব সম্মতিক্রমে নিম্ন বর্নিত সুপারিশ ও সিদ্ধান্ত সমুহ গৃহিত হয়।

**সিদ্ধান্ত ও সুপারিশ সমুহ ঃ-**

১। হাসপাতালে পরিস্কার পরিছন্নতা ও সেবার মান আরও বৃদ্ধির জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা বীরগঞ্জ, দিনাজপুর-কে অনুরোধ করা হলো।

২। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স বীরগঞ্জ, দিনাজপুরে নিরাপদ প্রসব এবং কমিউনিটি ক্লিনিকে সেবার মান বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা বীরগঞ্জ, দিনাজপুকে অনুরোধ করা হলো।

৩। কোভিড-১৯ এর উপর প্রশিক্ষন প্রদানের জন্য উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) আওতায় সক্ষমতা বৃদ্ধি মুলক প্রশিক্ষন আয়োজনের জন্য উপ-প্রকল্প প্রস্তাব প্রেরন করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা বীরগঞ্জ, দিনাজপুরকে সুপারিশ করা হইল।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকল সদস্যগন কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

মোছাঃ আয়েশা আক্তার বৃষ্টি
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বীরগঞ্জ, দিনাজপুর।
ও
সভাপতি
স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক কমিটি

## উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স বীরগঞ্জ,দিনাজপুর-এর ''স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক কমিটি''-এর সভার কার্যবিবরনী।

সভাপতি ঃ- জনাবা মোছাঃ আয়েশা আক্তার বৃষ্টি
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বীরগঞ্জ, দিনাজপুর।

স্থান ঃ- উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা বীরগঞ্জ, দিনাজপুরের অফিস কক্ষ।

তারিখ ঃ- ২৩/১১/২০২২ ইং ।

সময় ঃ- সকাল ১০.০০ ঘটিকা ।

**সভায় উপস্থিত সদস্যগনের তালিকা পরিশিষ্ট ''ক'' তে দেখানো হলো।**

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যগনকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা উপস্থিত সকল সদস্যগনকে শুভেচ্ছা জানিয়ে বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সেবার মান বিষয়ে আলোচনা করেন। তিনি বলেন যে অত্র হাসপাতালে আগের তুলনায় সেবার মান বৃদ্ধি পেয়েছে এবং আরও ভাল করার জন্য চেষ্টা চালিয়ে যাওয়া হচ্ছে। এখানে গর্ভবতী মায়েদের এএনসি/ পিএনসি চেক-আপ এর সুব্যবস্থা আছে। নরমাল ডেলিভারীর হার বৃদ্ধি পেয়েছে। এখন অত্র হাসপাতালে প্রতিমাসে প্রায় ৮০-৯০ টি নরমাল ডেলিভারী হয়ে থাকে। তিনি বলেন যে এ বিষয়ে জনসচেতনতা তৈরীর প্রয়োজনীয় উদ্যোগ গ্রহন প্রয়োজন।

তিনি আরও বলেন যে- অত্র হাসপাতালে এনসিডি কর্ণার নামে একটি কর্ণার চালূ করা হয়েছে। সেখানে নন কমিউনিকেবল ডিজিজ( উচ্চরক্ত চাপ, ডায়বেটিস, এ্যাজমা ইত্যাদি) রোগের সুচিকিৎসা করা হয় এবং প্রয়োজনীয় ঔষধ প্রদান করা হয়। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা মেরামত, রক্ষনাবেক্ষন, নিরাপত্তা ও পরিস্কার পরিছন্নতা বিষয়ে আলোচনা করেন। তিনি বলেন যে- অত্র হাসপাতালটি ৫০ শয্যায় উন্নীত হয়েছে এবং জনবলের পদও সৃষ্টি হয়েছে। কিন্তু বিদ্যামান ৩১ শয্যার জনবল দিয়েই চিকিৎসা সেবার কার্যক্রম চলিতেছে। এখানে মাত্র ৪(চার) জন পরিছন্নতাকর্মী দ্বারা ৩(তিন) শীপ্টের ডিউটি করা হয়। অফিস সহায়ক ৪(চার) জনের স্থলে আছে মাত্র ০১(এক) জন। অন্যান্য পদের ঠিক একই অবস্থা।

তিনি আরও বলেন যে- এখানে মা ও শিশু স্বাস্থ্য এবং দরিদ্র-সুবিধাবঞ্চিত জনসাধারনের স্বাস্থ্য সেবার বিষয়টি নিশ্চিত করা হয়। অত্র হাসপাতালে চিকিৎসকের ৩১ টি পদের বিপরীতে কর্মরত আছেন ১০ জন। কনসালটেন্ট ০১ জন আছেন, তিনিও এম আব্দুর রহিম মেডিকেল কলেজ হাসপাতাল, দিনাজপুরে প্রেষনে কর্মরত আছেন। ১০ জন চিকিৎসক দিয়েই মোটামুটি ভাল ভাবেই চিকিৎসা সেবা চালিয়ে নেয়া হচ্ছে। সভায় উল্লেখিত বিষয় সমুহের উপর বিশদ আলোচনা হয়। আলোচনান্তে সর্ব সম্মতিক্রমে নিম্ন বর্নিত সুপারিশ ও সিদ্ধান্ত সমুহ গৃহিত হয়।

**সিদ্ধান্ত ও সুপারিশ সমুহ ঃ-**

১। হাসপাতালে পরিস্কার পরিছন্নতা ও সেবার মান বৃদ্ধির জন্য উপজেলা পরিষদ থেকে অন্তত ০৩(তিন) জন পরিছন্নতাকর্মী ও ২(দুই) জন আনসার নিয়োগের সুপারিশ করা হইল।

২। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স বীরগঞ্জ, দিনাজপুরে নিরাপদ প্রসব ও এএনসি/ পিএনসি সেবার মান আরও বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা বীরগঞ্জ, দিনাজপুকে অনুরোধ করা হলো।

৩। হাসপাতালে গাইনী ও সার্জারী কনসালটেন্ট পদায়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহনের জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা বীরগঞ্জ, দিনাজপুরকে সুপারিশ করা হইল।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকল সদস্যগন কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয় ।

মোছাঃ আয়েশা আক্তার বৃষ্টি
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বীরগঞ্জ, দিনাজপুর।
ও
সভাপতি
স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক কমিটি

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স বীরগঞ্জ,দিনাজপুর-এর ''স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক কমিটি''-এর সভার কার্যবিবরনী।

সভাপতি ঃ- জনাবা মোছাঃ আয়েশা আক্তার বৃষ্টি
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বীরগঞ্জ, দিনাজপুর।

স্থান ঃ- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কনফারেন্স রুম।

তারিখ ঃ- ২০/১২/২০২১ ইং ।

সময় ঃ- বেলা ১০.০০ ঘটিকা ।

**সভায় উপস্থিত সদস্যগনের তালিকা পরিশিষ্ট ''ক'' তে দেখানো হলো।**

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যগনকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা উপস্থিত সকল সদস্যগনকে শুভেচ্ছা জানিয়ে বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির বিষয়ে আলোচনা করেন। তিনি বলেন যে কোভিড-১৯ এর কারনে মাঝখানে রোগী কিছুটা কমে গেলেও বর্তমানে রোগী বেড়ে গেছে। কমিউনিটি ক্লিনিকগুলোতে ৩১ প্রকার ঔষধ সরবরাহ আছে এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ঔষধ সরবরাহ সন্তোষ জনক। সার্বক্ষনিক হাসপাতাল পরিস্কার পরিছন্নতা রাখা হচ্ছে। সদস্য সচিব বলেন যে, অত্র হাসপাতালে আগের তুলনায় সেবার মান বৃদ্ধি পেয়েছে এবং আরও ভাল করার জন্য চেষ্টা চালিয়ে যাওয়া হচ্ছে। এখানে গর্ভবতী মায়েদের এএনসি/ পিএনসি চেক-আপ এর সুব্যবস্থা আছে। মিডওয়াইফগন সার্বক্ষনিক হাসপাতালে অবস্থান করে। এখন অত্র হাসপাতালে প্রতিমাসে প্রায় ৭০-৮০ টি নরমাল ডেলিভারী হয়ে থাকে। তিনি বলেন যে এ বিষয়ে জনসচেতনতা তৈরীর প্রয়োজনীয় উদ্যোগ গ্রহন প্রয়োজন। সদস্য সচিব আরও বলেন যে কোভিড-১৯ এর উপর প্রশিক্ষন প্রদানের জন্য উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) আওতায় সক্ষমতা বৃদ্ধি মুলক প্রশিক্ষন আয়োজনের জন্য উপ-প্রকল্প প্রস্তাব প্রেরন করা যেতে পারে। সভায় উল্লেখিত বিষয় সমুহের উপর বিশদ আলোচনা হয়। আলোচনান্তে সর্ব সম্মতিক্রমে নিম্ন বর্নিত সুপারিশ ও সিদ্ধান্ত সমুহ গৃহিত হয়।

**সিদ্ধান্ত ও সুপারিশ সমুহ ঃ-**

১। হাসপাতালে পরিস্কার পরিছন্নতা ও সেবার মান আরও বৃদ্ধির জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা বীরগঞ্জ, দিনাজপুর-কে অনুরোধ করা হলো।

২। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স বীরগঞ্জ, দিনাজপুরে নিরাপদ প্রসব, এএনসি/পিএননি সেবার মান বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা বীরগঞ্জ, দিনাজপুকে অনুরোধ করা হলো।

৩। কোভিড-১৯ এর উপর প্রশিক্ষন প্রদানের জন্য উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) আওতায় সক্ষমতা বৃদ্ধি মুলক প্রশিক্ষন আয়োজনের জন্য উপ-প্রকল্প প্রস্তাব প্রেরন করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা বীরগঞ্জ, দিনাজপুরকে সুপারিশ করা হইল।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকল সদস্যগন কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয় ।

মোছাঃ আয়েশা আক্তার বৃষ্টি
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বীরগঞ্জ, দিনাজপুর।
ও
সভাপতি
স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক কমিটি